# রাজশাহী বিশ্ববিদ্যালয়
## রাজশাহী
www.ru.ac.bd

# শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-০২/২০২৫ তারিখ: ১২.০৫.২০২৫

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে নিম্নবর্ণিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। নিম্নোক্ত বিভাগগুলোতে যাঁরা ইতোপূর্বে আবেদন করেছেন তাঁদের আর নতুন করে আবেদনের প্রয়োজন নেই।

| | | | |
|---|---|---|---|
| বেতনক্রম | সহকারী অধ্যাপক পদে<br>প্রভাষক পদে | টা. ৩৫৫০০-৬৭০১০/-<br>টা. ২২০০০-৫৩০৬০/- | প্রচলিত ভাতাদি, অষ্টম জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী |

| ক্র.নং | বিভাগের নাম | পদের নাম ও সংখ্যা | |
|---|---|---|---|
| ১. | ফলিত গণিত | ক. সহকারী অধ্যাপক/প্রভাষক পদের বিপরীতে প্রভাষক | ০১ (এক)টি স্থায়ী পদ |
| | | খ. প্রভাষক | ০৪ (চার)টি স্থায়ী পদ |
| ২. | পপুলেশন সায়েন্স এন্ড হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট | প্রভাষক | ০৪ (চার)টি স্থায়ী পদ |
| ৩. | আন্তর্জাতিক সম্পর্ক | ক. প্রভাষক | ০১ (এক)টি স্থায়ী পদ |
| | | খ. প্রফেসর পদের বিপরীতে প্রভাষক | ০১ (এক)টি অস্থায়ী পদ |
| | | গ. সহযোগী অধ্যাপক পদের বিপরীতে প্রভাষক | ০১ (এক)টি অস্থায়ী পদ |
| | | ঘ. সহকারী অধ্যাপক পদের বিপরীতে প্রভাষক | ০১ (এক)টি অস্থায়ী পদ |
| ৪. | ইংরেজি | সহকারী অধ্যাপক/প্রভাষক | ০৩ (তিন)টি স্থায়ী পদ (এমএ ইন ইংলিশ লিটারেচার),<br>০২ (দুই)টি স্থায়ী পদ (এমএ ইন ইএলটি) এবং<br>০৪ (চার)টি স্থায়ী পদ (এমএ ইংরেজি/ইএলটি) ডিগ্রি থাকতে হবে। |
| ৫. | আইন ও ভূমি প্রশাসন | ক. সহকারী অধ্যাপক/প্রভাষক | ০২ (দুই)টি স্থায়ী পদ |
| | | খ. প্রভাষক | ০৪ (চার)টি স্থায়ী পদ |
| ৬. | গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস | সহকারী অধ্যাপক/প্রভাষক | ০১ (এক)টি স্থায়ী পদ<br>(চারুকলা অনুষদভূক্ত বিভাগসমূহের যে কোনো একটি ডিসিপ্লিন থেকে চার বছর মেয়াদী বিএফএ অনার্স ও শিল্পকলার ইতিহাস বিষয়ে দুই বছর মেয়াদী মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।) |
| | | প্রভাষক | ০৮ (আট)টি স্থায়ী পদ<br>(গ্রাফিক ডিজাইন ডিসিপ্লিন/কারুশিল্প ডিসিপ্লিন/শিল্পকলার ইতিহাস ডিসিপ্লিন থেকে ০৪ (চার) বছর মেয়াদী বিএফএ অনার্সসহ সংশ্লিষ্ট ডিসিপ্লিনে মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।) |
| ৭. | মৃৎশিল্প ও ভাস্কর্য | প্রভাষক | ০৬ (ছয়) টি স্থায়ী পদ<br>(মৃৎশিল্প ডিসিপ্লিন/ভাস্কর্য ডিসিপ্লিন থেকে ০৪ (চার) বছর মেয়াদী বিএফএ অনার্সসহ সংশ্লিষ্ট ডিসিপ্লিনে মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।) |
| | | | ০২ (দুই)টি স্থায়ী পদ<br>(চারুকলা অনুষদভূক্ত বিভাগসমূহের যে কোনো একটি ডিসিপ্লিন থেকে চার বছর মেয়াদী বিএফএ অনার্স ও শিল্পকলার ইতিহাস বিষয়ে দুই বছর মেয়াদী মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।) |

উপর্যুক্ত পদে নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, আবেদন ফি এবং আবেদন পদ্ধতির বিস্তারিত বিবরণ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.ru.ac.bd)-এর job.ru.ac.bd লিঙ্কে পাওয়া যাবে। Online পদ্ধতিতে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করে ০৬ (ছয়) সেট দরখাস্ত ১৯.০৬.২০২৫ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে/জমা দিতে হবে।

**প্রফেসর ড. ইফতিখারুল আলম মাসউদ**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী বিশ্ববিদ্যালয়
Email: registrar@ru.ac.bd

**শিক্ষাগত যোগ্যতা (প্রভাষক পদের জন্য)**

১. ক) প্রভাষক পদে আবেদনকারী প্রার্থীর স্ব-স্ব বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

খ) স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

গ) স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন। তবে বিষয় ভিত্তিক ওয়ার্ল্ড র‍্যাংকিং-এ প্রথম ২০০-এর মধ্যে স্থানপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে মেধা তালিকার এ ক্রমধারা শিথিলযোগ্য।

ঘ) স্নাতকোত্তর/মাস্টার্স পর্যায়ে থিসিস গ্রুপ থেকে উত্তীর্ণ আবেদনকারী প্রার্থী অগ্রাধিকার পাবেন।

**শিক্ষাগত যোগ্যতা (সহকারী অধ্যাপক পদের জন্য)**

২. ক) সহকারী অধ্যাপক পদে আবেদনকারী প্রার্থীর স্ব-স্ব বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

খ) সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর পিএইচ.ডি. ডিগ্রি থাকতে হবে।

গ) স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

ঘ) স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন। তবে বিষয়ভিত্তিক ওয়ার্ল্ড র‍্যাংকিং-এ প্রথম ২০০-এর মধ্যে স্থানপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে মেধা তালিকার এ ক্রমধারা শিথিলযোগ্য।

ঙ) প্রভাষক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১ (এক) বছরের সক্রিয় শিক্ষকতা, স্বীকৃত বিষয়সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয়ের ০১ (এক) বছরের গবেষণার অভিজ্ঞতা অথবা বিশ্ববিদ্যালয়ে অন্তত ০১ (এক) বছরের পোষ্ট ডক্টোরাল অভিজ্ঞতা থাকতে হবে।

চ) স্বীকৃত পিয়ার রিভিউড/ক্লারিভেট (Clarivate) ইমপ্যাক্ট ফ্যাক্টরসম্পন্ন/ইনডেক্সড জার্নালে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে যার মধ্যে First/Corresponding Author হিসেবে ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা হতে হবে।

**বিশেষ দ্রস্টব্য**

১. ইতোপূর্বে আবেদনকারীদের কেউ অতিরিক্ত যোগ্যতার তথ্যাবলী যুক্ত করতে চাইলে নতুনভাবে আবেদন করতে পারবেন।

২. কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৩. অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৪. নিয়োগ বোর্ড নথিপত্র যাচাই-বাছাই ও সাক্ষাৎকারের মাধ্যমে প্রভাষক পদে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবে। তবে প্রয়োজনে সাক্ষাৎকারের পূর্বে ডেমোনেস্ট্রেশন/লিখিত পরীক্ষার ব্যবস্থা করা যেতে পারে।

৫. নিয়োগ বিজ্ঞপ্তির পর কোনো বিভাগে উপর্যুক্ত শর্তপূরণকারী প্রার্থীর আবেদন না পাওয়া গেলে প্রয়োজনে বিভাগীয় প্ল্যানিং কমিটির সুপারিশের ভিত্তিতে ও সিন্ডিকেটের অনুমোদন সাপেক্ষে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স-এর ফলাফলের যেকোনো একটি শর্ত শিথিল করে পুনঃবিজ্ঞপ্তির মাধ্যমে ঐ বিভাগে প্রভাষক পদে নিয়োগ দেয়া যেতে পারে। তবে শিথিল করার জন্য প্রস্তাবিত কোনো শর্তই ইউজিসি প্রণীত "পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে শিক্ষক নিয়োগ ও পদোন্নয়নের যুগোপযোগী নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা নির্ধারণের নির্দেশিকায়" উল্লেখিত শর্তের চাইতে কম হবে না।

৬. স্নাতক/স্নাতক (সম্মান)-এর সিজিপিএ ও স্নাতকোত্তর/মাস্টার্সে জিপিএ-এর ক্ষেত্রে দশমিকের পরে তিন ডিজিট থাকলে এবং তৃতীয় ডিজিট ৫ বা তদুর্ধ্ব হলে দ্বিতীয় ঘরে ১ যোগ হবে। সেক্ষেত্রে ফলাফল দশমিকের পর দুই ডিজিট নিয়ে বিবেচিত হবে।

৭. বিদেশি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের দুটো মিলিয়ে ন্যূনতম পাঁচ বছর মেয়াদী শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৮. প্রয়োজন মনে করলে কোনো বিভাগ নিয়োগ বিজ্ঞপ্তিতে বিশেষ/অতিরিক্ত শর্তারোপের সুপারিশ করতে পারবে।

২২.০৫.২০২৫

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী বিশ্ববিদ্যালয়